



তাৰিখ 15 NOV 1988

পঁচাম 5

061

শিক্ষক কল্যাণ ভাতা তুলিতে দুর্ভোগ

ভোলা, ১৪ই নভেম্বর (নিজস্ব
সংবাদদাতা) — সরকার এই জেলার
বেসরকারী স্কুল, মাস্তাসা ও কলে-
জের শিক্ষক-কর্মচারীদের বেতনের
শতকরা ৭০ ভাগ টাকা কেবল
কলালী ব্যাক্সের মাধ্যমে সরবরাহ
করার ব্যবস্থা করিলেও জেলার
মনপুরা ও তঙ্গুমদীন উপজেলায়
কলালী ব্যাক্সের কোন শাখা না
থাকায় ঐ সরকারী অনুদান প্রাপ্তির
ব্যাপারে এলাকার শিক্ষক কর্ম-
চারীরা দুর্ভোগ পোষ্টাইতেছেন।

মনপুরা উপজেলার শিক্ষকদেরকে
৪০ মাইল দূরবর্তী লালমোহন উপ-
জেলার ভাওয়াইট কলালী ব্যাক্স
শাখা হইতে এবং তঙ্গুমদীন উপ-
জেলার শিক্ষকদেরকে ১৫ মাইল
দূরবর্তী বৌরহানুকীন উপজেলা
(৮ম পঃ সঃ) ॥

শিক্ষক কল্যাণ ভাতা (৩ষ পঃ পর)

সদরের কলালী ব্যাক্স শাখা হইতে
তুলিয়া নিতে হয়।

মনপুরা উপজেলা একটি
বিচ্ছিন্ন দীপ বিধায় ঐ অঞ্চল
হইতে প্রমত্তা মেঘনা পাড়ি দিয়া
ব্যাক্সে গমনাগমন অনেক সময়
অসম্ভব হইয়া পড়ে। বিশেষ করিয়া
বর্ষা মৌসুমে জীবনের ঝুঁকি নিয়া
নোকায় উঠিতে হয়।

এমতাবস্থায় মনপুরা ও তঙ্গুমদীন
উপজেলায় অন্য ব্যাক্সের মাধ্যমে
অনুদান প্রদানের অনুমতি দেওয়া
হইলে, শিক্ষকদের দুর্ভোগ লাঘব
হইতে পারে।